চট্টগ্রাম বোর্ড-২০১৬

পৌরনীতি ও সুশাসন : প্রথম পত্র | বিষয় কোড : ২ ৬ ৯

সময়-২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ মি. আব্দুর রহিম বিদেশ যাওয়ার লক্ষ্যে পাসপোর্ট করার জন্য পাসপোর্ট অফিসের কর্মচারী ফারুকের শরণাপন্ন হন। তার কাছে অনেক ঘোরাঘুরি করেও পাসপোর্ট পাননি। প্রদেয় টাকাও ফেরত পাননি। পরে প্রতিবেশী একজন স্কুল শিক্ষকের পরামর্শে তিনি ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রে যান এবং অনলাইনে পাসপোর্টের জন্য আবেদন করেন এবং কোনো রকম ভোগান্তি ছাড়াই স্বল্পসময়ে পাসপোর্ট পেয়ে যান।

ক. মূল্যবোধ কী? ১

খ. পৌরনীতি ও সুশাসনের সাথে কোন বিষয়ের গভীর সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ফারুকের ভূমিকা কিসের পরিচয় বহন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুশাসন প্রতিষ্ঠায় উদ্দীপকে উল্লিখিত পদ্ধতির ভূমিকা অপরিহার্য কী না মূল্যায়ন কর। ৪

২. ▶ রিতুর মামা ইংল্যান্ডে একটি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। দীর্ঘদিন পরে তিনি দেশে ফিরেছেন। তিনি ঢাকা শহরে যত্রতত্র গাড়ি পার্কিং, ফুটপাত বেদখল, রাস্তা পারাপারে ট্রাফিক সিগনাল না মানাসহ নানা অব্যবস্থাপনা দেখে আহত হন। তিনি বাসায় ফিরে রিতুকে বলেন, এখানে নাগরিকদের সচেতনতার অভাব রয়েছে। তিনি মনে করেন সচেতনতা বৃদ্ধির জন্য বিষয়গুলোকে পাঠ্যপুস্তকের অন্তর্ভুক্ত করা উচিত।

ক. সুশাসনের ইংরেজি প্রতিশব্দ লেখ। ১

খ. "স্বচ্ছতা" কীসের পূর্ব শর্ত? ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকে মামা কি কি বিষয় কোন পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার ইঙ্গিত করেছেন এবং কেন? বর্ণনা কর। ৩

ঘ. মামা বর্ণিত বিষয়গুলোকে কোন পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্তির কথা বলা হয়েছে? উক্ত পাঠ্যপুস্তকের পরিধি ও বিষয়বস্তু আলোচনা কর। ৪

৩. ▶ মি. রফিক সাহেব একজন কলেজ শিক্ষক। তিনি ভদ্র, মার্জিত ব্যক্তি। তার বাড়িতে গৃহকর্মীসহ সবাই একই ধরনের রান্না করা খাবার খান। অন্যদিকে, প্রতিবেশী রহমান সাহেবের বাড়িতে নিজেদের জন্য এক রকম খাবার এবং গৃহকর্মীদের জন্য অন্য রকম খাবার দেয়া হয়।

ক. সাম্য, মৈত্রী, ভ্রাতৃত্ববোধ কোন বিপ্লবের স্লোগান ছিল? ১

Teachingbd.com

খ. সরকারের বিভাগসমূহের পৃথকভাবে কার্য সম্পাদন প্রক্রিয়াকে কী বলে? ব্যাখ্যা কর। ২

গ. রফিক সাহেবের পরিবারে কোন ধরনের সাম্য বিদ্যমান বলে মনে কর? বিশ্লেষণ কর। ৩

ঘ. রহমান সাহেবের পরিবারে বিদ্যমান অবস্থা বজায় থাকলে কী রক্ষা করা কঠিন হবে এবং কীভাবে? মূল্যায়ন কর। ৪

৪. ▶ লোকমান সাহেব একজন সৎ ব্যবসায়ী। নিয়মিত কর প্রদান করে থাকেন। ব্যবসায়ে তার দীর্ঘদিনের সুনাম থাকায় এলাকার ব্যবসায়ীরা তাকে নেতা নির্বাচিত করেছেন। তার বন্ধু ফজলুল হক নিয়মিত কর প্রদান করেন না। কর ফাঁকি দিয়ে থাকেন। ব্যাংক থেকে ঋণ নিয়ে ফটকা কারবারে লাগিয়েছেন। লোকমান সাহেব নিষেধ করলেও তিনি শোনেন না।

ক. আন্তর্জাতিক মানবাধিকার দিবস কোনটি? ১

খ. আইন প্রণয়ন কোন বিভাগের প্রধান কাজ? ব্যাখ্যা দাও। ২

গ. নাগরিক হিসেবে লোকমান সাহেবের কর্মকাণ্ড কিসের পরিচয় বহন করে? বর্ণনা কর। ৩

ঘ. ফজলুল হকের ভূমিকা রাষ্ট্রের উন্নয়নের জন্য প্রতিবন্ধক—মতামত দাও। ৪

৫. ▶ রোকেয়া একটি পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে এম এ পাস করেছে। বাবা-মা রোকেয়ার পছন্দের পাত্রের সাথে তার বিয়ে দেন। বিয়ের পর রোকেয়া একটি স্কুলে চাকরি নেয়। কিন্তু তার স্বামী তাকে কিছুতেই চাকরি করতে দিতে রাজি নন। এ নিয়ে তাদের মধ্যে সম্পর্কের দূরত্ব সৃষ্টি হয়। শেষ পর্যন্ত রোকেয়া স্বামীর সিদ্ধান্ত মেনে নেয়।

ক. বাংলাদেশের আইনসভা পরিচালনা করেন কে? ১

খ. একটি জাতি কর্তৃক অন্য একটি জাতি থেকে আলাদা ভাবাকে কী বলে? ব্যাখ্যা কর। ২

গ. রোকেয়া যে ধরনের অধিকার থেকে বঞ্চিত হয়েছে তা বিশ্লেষণ কর। ৩

ঘ. রোকেয়ার অধিকার প্রতিষ্ঠিত হলে কোন কোন অধিকার প্রতিষ্ঠিত হবে এবং সমাজে এর কি প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

৬. ▶ 'ক' রাষ্ট্রের সরকার নানান দমন-পীড়ন নীতির সাথে জড়িত। ঐ রাষ্ট্রের অপর একটি রাজনৈতিক দল সরকারের অপকর্মের বিষয়গুলো বিভিন্নভাবে জনসম্মুখে তুলে ধরতে এবং এর বিপক্ষে জনসমর্থন সংগঠনে সচেষ্ট হয়। এতে করে দেশটির পরবর্তী নির্বাচনে সরকার দলের প্রার্থীদের ব্যাপক ভরাডুবি হয়। বিরোধী দল নির্বাচিত হয়ে সরকার গঠন করে। নবগঠিত সরকার আইন সভায় জনগণের মতামতের ভিত্তিতেই বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করে থাকে।

ক. জনমত গঠনের একটি আধুনিক মাধ্যমের নাম লেখ। ১

খ. জনমত গঠনের প্রথম ও প্রাথমিক মাধ্যম কোনটি? ব্যাখ্যা কর। ২

Teachingbd.com

গ. 'ক' রাষ্ট্রের সরকার কোন ধরনের ভূমিকা পালন করলে নির্বাচনে ভরাডুবি হতো না? বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে নির্বাচনে বিরোধী দলের জয় লাভে কীসের প্রতিফলন ঘটেছে? বর্ণনা কর। ৪

৭. ▶ মি. 'ক' একজন সংসদ সদস্য ও একটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের মন্ত্রীও বটে। তার ভাতিজা 'খ' নানা দুষ্কর্মের সঙ্গে জড়িত। কিছু দিন পূর্বে মেয়েদের উত্ত্যক্ত করার দায়ে 'খ" এর বিরুদ্ধে থানায় মামলা হয়। সে প্রেক্ষিতে পুলিশ তাকে গ্রেফতার করে এবং আদালতে পাঠায়। মি. 'ক' বিচারককে ফোন করে ভাতিজাকে ছাড়িয়ে নেন। মামলার বাদী মেয়ের বাবা হতবাক হন এবং মেয়ের স্কুলে যাওয়া বন্ধ করে দেন। কারণ উত্ত্যক্তকারী 'খ' আবারও নানাভাবে হুমকি দিচ্ছে।

ক. কোন বিভাগের ক্ষমতা ক্রমশ হ্রাস পাচ্ছে? ১

খ. দেশের মানুষকে একাত্ম করে ভাবার অনুভূতিকে কি বলে? ব্যাখ্যা কর। ২

গ. মি: 'ক' এর কর্মকাণ্ডের মাধ্যমে কোন বিভাগের স্বাধীনতা ক্ষুণ্ন হয়েছে বলে তুমি মনে কর? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'খ' এর কার্যক্রম কীসের অন্তরায় এবং কীভাবে? আলোচনা কর। ৪

৮. ▶ গার্মেন্টিস শ্রমিক আশেক। বিভিন্ন গার্মেন্টিসে কর্মরত শ্রমিকদের সুখ-দুঃখে তাকে পাশে দেখা যায়। শ্রমিকদের বকেয়া বেতন আদায়, বেতন বৃদ্ধি, বিভিন্ন সুযোগ-সুবিধার জন্য শ্রমিকদের সংগঠিত করে দাবি আদায়ে তিনি বিভিন্ন কর্মসূচি দিয়ে থাকেন। এ নিয়ে মালিক পক্ষের সঙ্গে প্রায়শ তিনি দরকষাকষি করেন। আশেক সাহেবের কর্মকাণ্ডে অন্যান্য শ্রমিকরা সন্তুষ্ট। তার নেতৃত্ব সবাই মেনে নেয়।

ক. একজন সম্মোহনী নেতার নাম লেখ। ১

খ. একজন শিক্ষক কোন ধরনের নেতৃত্ব বহন করে? ব্যাখ্যা কর। ২

গ. আশেক সাহেবের সংগঠনটির কার্যকলাপ কিসের সহায়ক বলে তুমি মনে কর? ব্যাখ্যা দাও। ৩

ঘ. আশেক সাহেবের কর্মকাণ্ডকে কী বলে? এর গুণাবলিসমূহ বর্ণনা কর। ৪

৯. ▶ মি. আরমান ও মি. শফিক দুই বন্ধু। মি. আরমান সরকার কর্তৃক গৃহীত নীতিমালা বাস্তবায়নে যথাযথভাবে কাজ করেন এবং সরকারি সেবা জনগণের নিকট পৌঁছে দেন। মি. শফিক স্থানীয় পর্যায়ে গরিব-দুঃখী মানুষের পাশে থাকেন। বিপদে-আপদে মানুষের সাহায্য করেন।

ক. আমলাতন্ত্রের অপর নাম কী? ১

খ. আমলাদের কাজের দীর্ঘসূত্রিতাকে কি বলে? ব্যাখ্যা দাও। ২

গ. মি. আরমান সাহেবের ভূমিকা কী প্রতিষ্ঠায় সহায়ক? বর্ণনা দাও। ৩

ঘ. মি. শফিক সাহেবের ভূমিকা কোন মূল্যবোধের সহায়ক এবং কীভাবে? মূল্যায়ন কর। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ **পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড: ২ ৬ ৯

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. **জনমত হলো—**
ক বহুব্যক্তির মতামত
খ প্রভাবশালী ব্যক্তির মতামত
গ কল্যাণকামী ও যুক্তিযুক্ত মতামত
ঘ বিশেষ শ্রেণির মতামত

২. **জাতির মধ্যে কোন চেতনাটি প্রবল থাকে?**
ক ধর্মীয় খ রাজনৈতিক
গ অর্থনৈতিক ঘ গোষ্ঠীগত

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:-
তৃতীয় বিশ্বের একটি দেশে 'ক' সম্প্রদায়ের শিশুরা স্কুলে শিক্ষা গ্রহণ করতে গেলে অন্যান্য সম্প্রদায়ের শিশুদের মতো সমান সুযোগ-সুবিধা পায় না। যার ফলে উক্ত সম্প্রদায়ের শিশুরা শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। বিষয়টি সরকারের দৃষ্টিগোচর হলে সরকার সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণে একটি আইন সংসদে পাস করে।

৩. **উদ্দীপকে বর্ণিত শিশুরা কোন ধরনের অধিকার থেকে বঞ্চিত হচ্ছে?**
ক সামাজিক খ অর্থনৈতিক
গ ধর্মীয় ঘ রাজনৈতিক

৪. **সরকারের গৃহীত পদক্ষেপে উক্ত সমাজে সকলের জন্য প্রতিষ্ঠিত হবে—**
ক চাকরি খ শিক্ষা
গ নিরাপত্তা ঘ আশ্রয়

৫. **ই-গভর্নেন্স বাস্তবায়নে প্রধান মাধ্যম কোনটি?**
ক জনগণ খ সরকার
গ তথ্যপ্রযুক্তি ঘ রাজনৈতিক দল

৬. **অনুন্নত দেশে আমলাদের গুরুত্ব বৃদ্ধি পাওয়ার কারণ—**
ক শিক্ষার অভাব
খ নগরায়ণের প্রভাব
গ শিল্পায়নের প্রভাব
ঘ রাজনৈতিক স্থায়িত্বের অভাব

৭. **'আজকের পৌরনীতি আগামীকালের ইতিহাস'— উক্তিটি কিসের ইঙ্গিত দেয়?**
ক গভীর সম্পর্ক খ নিকট সম্পর্ক
গ মাঝামাঝি সম্পর্ক ঘ সমান্তরাল সম্পর্ক

৮. **নিজ নিজ ধর্মচর্চা ও পালন করা কোন ধরনের অধিকার?**
ক সামাজিক খ নৈতিক
গ অর্থনৈতিক ঘ রাজনৈতিক

৯. **উৎপত্তিগত অর্থে Governance শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
ক ল্যাটিন খ গ্রিক
গ হিব্রু ঘ ফারসি

১০. **সিভিটাস শব্দের অর্থ কী?**
ক নাগরিক খ নাগরিকতা
গ নগর রাষ্ট্র ঘ নগর

১১. **কোন স্থানীয় সংস্থার তুমি প্রাথমিক সদস্য?**
ক ইউনিয়ন পরিষদ খ উপজেলা পরিষদ
গ জেলা পরিষদ ঘ জাতীয় সংসদ

১২. **রাজনৈতিক দলের প্রধান লক্ষ্য কোনটি?**
ক আদর্শ বাস্তবায়ন খ কর্মসূচি ঘোষণা
গ সরকার গঠন ঘ জাতীয় ঐক্য সাধন

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:-
১০ বছরের সামিত ঈদের ছুটিতে বাবা মায়ের সাথে দাদা বাড়ি বেড়াতে যাচ্ছিল। বাসের মধ্যে এক অন্ধ ভিক্ষুককে দেখে মায়ের কাছ থেকে ২০ টাকা নিয়ে ভিক্ষুককে দিল। বাসের অন্যান্য যাত্রীরা শিশু সামিতের কর্তব্যবোধ দেখে মুগ্ধ হলো এবং অনেকেই অন্ধ লোকটিকে সাহায্য করল।

১৩. **শিশু সামিত কোন ধরনের কর্তব্য পালন করলো?**
ক অর্থনৈতিক খ রাজনৈতিক
গ নৈতিক ঘ আইনগত

১৪. **অন্ধ ভিক্ষুক সাহায্যপ্রাপ্ত হওয়ায় যে অধিকার ভোগ করল—**
ক প্রতিপালিত হওয়ার
খ আবেদন করার
গ অর্থনৈতিক
ঘ অবকাশ লাভের

১৫. **পৌরনীতি ও সুশাসনের অগ্রযাত্রার কেন্দ্রবিন্দুতে থাকে—**
ক নাগরিক খ সমাজ
গ ইতিহাস ঘ রাষ্ট্র

১৬. **"মানুষ স্বভাবতই সামাজিক ও রাজনৈতিক জীব এবং যে সমাজে বাস করে না সে হয় পশু না হয় দেবতা"— উক্তিটি কার?**
ক প্লেটো খ এরিস্টটল
গ ই. এম হোয়াইট ঘ লাস্কি

১৭. **সুশাসনের একটি অন্যতম সমস্যা হলো—**
ক দারিদ্র্য বিমোচন
খ সম্মোহনী নেতার অভাব
গ জবাবদিহিতার অভাব
ঘ দাতাদেশগুলোর সমর্থনের অভাব

১৮. **পদ সোপান হলো আমলাতন্ত্রের—**
ক প্রকৃতি খ রূপ
গ শ্রেণি ঘ বৈশিষ্ট্য

নিচের ছকটি দেখে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।



১৯. **ছকের 'ক' চিহ্নিত স্থানে সরকারের কোন বিভাগ বসবে?**
ক আইন খ শাসন
গ বিচার ঘ সচিবালয়

২০. **উক্ত বিভাগের গুরুত্ব অপরিসীম কারণ—**
i. দুর্বলকে সবলের হাত থেকে রক্ষা করে
ii. আইন প্রণয়ন করে
iii. দুষ্টের দমন ও শিষ্টের পালন করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

http://teachingbd.com

২১. প্রাচীনকালে কোথায় নগর রাষ্ট্র গড়ে উঠেছিল?
ক ফ্রান্সে খ গ্রিসে
গ ইতালিতে ঘ রোমে

২২. অবাধ স্বাধীনতা কিসের নামান্তর?
ক গণতন্ত্রের খ স্বেচ্ছাচারিতার
গ ব্যক্তিস্বাধীনতার ঘ শান্তির

২৩. পৌরনীতি ও সমাজবিজ্ঞান একে অপরের—
ক সম্পূরক খ অভিন্ন
গ ঐক্যবদ্ধ ঘ সমার্থক

২৪. নেতৃত্ব কোন ধরনের গুণ?
ক পারিবারিক খ মানবিক
গ রাজনৈতিক ঘ সামাজিক

২৫. ই-গভর্নেন্স এর পূর্ণরূপ কী?
ক ইলেকট্রিক গভর্নেন্স
খ ইলেকট্রনিক গভর্নেন্স
গ ইলেকট্রনিকস গভর্নেন্স
ঘ ইলেকট্রিফাইড গভর্নেন্স

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:-
বাংলাদেশ সরকার জনগণের দীর্ঘদিনের দাবির প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে ২০০৯ সালে একটি আইন পাস করে যা ২০০৯ সালের ৫ এপ্রিল রাষ্ট্রপতির সম্মতি লাভ করে। উক্ত আইন দেশে দুর্নীতি কমিয়ে সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হবে।

২৬. উদ্দীপকে কোন আইনের প্রতি ইঙ্গিত দেওয়া হয়েছে?
ক শ্রম আইন
খ তথ্য অধিকার আইন
গ যৌতুক নিরোধ আইন
ঘ শিশু নির্যাতন দমন আইন

২৭. উদ্দীপকে উল্লিখিত আইন জনগণের জন্য নিশ্চিত করবে—
i. প্রত্যেক কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত, কার্যক্রম সংক্রান্ত তথ্য
ii. কর্তৃপক্ষের নীতি ও সিদ্ধান্তসমূহ
iii. কর্তৃপক্ষের সকল নিয়ম-কানুন, আইন, অধ্যাদেশ ইত্যাদির তালিকা।
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৮. মানবাধিকার নাগরিক জীবনের বিকাশ ঘটায়—
i. ব্যক্তিত্বের
ii. মনুষ্যত্বের
iii. মেধার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. জাতিসংঘের সদস্য রাষ্ট্রগুলো ডিসেম্বর মাসের কোন দিনটিকে মানবাধিকার দিবস হিসেবে উদযাপন করে?
ক ৮ খ ১০
গ ১২ ঘ ১৪

৩০. চাপ সৃষ্টিকারী গোষ্ঠীর প্রধান লক্ষ্য—
ক জাতীয় কল্যাণ সাধন
খ আদর্শ বাস্তবায়ন
গ সরকারি সিদ্ধান্তকে প্রভাবিত করা
ঘ সরকার গঠন

৩১. গণতান্ত্রিক ব্যবস্থায় সকল ক্ষমতার উৎস—
ক সরকার খ জনগণ
গ নেতা ঘ রাজনৈতিক দল

৩২. জরুরি অবস্থা ঘোষণা কোন বিভাগের কাজ?
ক শাসন খ বিচার
গ সামরিক বাহিনীর ঘ আইন

৩৩. ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতির মূল প্রবক্তা কে?
ক প্লেটো খ এরিস্টটল
গ মন্টেস্কু ঘ ব্লাকস্টোন

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।
দীর্ঘদিন দেশের হাইওয়েগুলোতে মালামাল বহনকারী ট্রাকে ডাকাতি হচ্ছে। ব্যবসায়ীরা নির্বিঘ্নে মালামাল বহন করতে পারছে না। প্রতিবাদে ট্রাক মালিক সমিতি সারাদেশে ট্রাক চালানো বন্ধ রাখে। সরকার দেশের প্রতিটি হাইওয়েতে ব্যাপক নিরাপত্তা নিশ্চিত করায় হাইওয়েতে ডাকাতি বন্ধ হয়।

৩৪. উদ্দীপকে বর্ণিত ট্রাক মালিক সমিতি কোন ধরনের সংগঠন?
ক রাজনৈতিক দল
খ চাপ সৃষ্টিকারী গোষ্ঠী
গ সুশীল সমাজ
ঘ এলিট শ্রেণি

৩৫. সরকারের এমন উদ্যোগ গ্রহণে রাষ্ট্রে প্রতিষ্ঠিত হবে—
ক সমানাধিকার খ মৌলিক চাহিদা
গ সুশাসন ঘ সুবিচার

৩৬. আইন বিভাগের প্রধান কাজ কোনটি?
ক আইনের প্রয়োগ খ আইন প্রণয়ন
গ আইন বাস্তবায়ন ঘ শাসন পরিচালনা

৩৭. নাগরিকের কোন দিকটি পৌরনীতির মূল আলোচ্য বিষয়?
ক স্বাধীনতা খ স্থানীয় সংগঠন
গ সার্বভৌমত্ব ঘ অধিকার ও কর্তব্য

৩৮. কোন দেশের সাধারণ আইন চিরাচরিত রীতি ও প্রথানির্ভর?
ক আমেরিকা খ বাংলাদেশ
গ ব্রিটেন ঘ ফ্রান্স

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।
শিকদার মহিলা মেডিকেল কলেজের ছাত্রী সাহানা ও এলিজাবেথ। সাহানার রাষ্ট্রে অনেক রাজনৈতিক দল আছে। সেখানে একটি কেন্দ্র থেকে শাসন পরিচালিত হয় এবং মন্ত্রিসভা তাদের কাজের জন্য আইনসভার নিকট দায়ী থাকে। সাহানার রাষ্ট্রের সাথে এলিজাবেথের রাষ্ট্রের একটি ক্ষেত্রে অমিল হলো এলিজাবেথের রাষ্ট্রে অনেকগুলো প্রদেশ আছে এবং কেন্দ্র ও প্রদেশের মধ্যে ক্ষমতা নির্দিষ্ট করে বণ্টন করে দিয়েছে সংবিধান।

৩৯. সাহানার রাষ্ট্রে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান?
ক এককেন্দ্রিক খ যুক্তরাষ্ট্রীয়
গ একনায়কতান্ত্রিক ঘ রাজতান্ত্রিক

৪০. এলিজাবেথের রাষ্ট্রে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান?
ক স্বৈরতান্ত্রিক খ সমাজতান্ত্রিক
গ এককেন্দ্রিক ঘ যুক্তরাষ্ট্রীয়

উত্তরমালা	১	গ	২	ক	৩	ক	৪	ক	৫	গ	৬	ক	৭	ক	৮	ক	৯	ক	১০	গ	১১	ক	১২	গ	১৩	গ	১৪	গ	১৫	ক	১৬	ক	১৭	গ	১৮	ক	১৯	গ	২০	গ
	২১	ক	২২	ক	২৩	ক	২৪	ক	২৫	ক	২৬	ক	২৭	ক	২৮	ক	২৯	ক	৩০	গ	৩১	ক	৩২	ক	৩৩	গ	৩৪	ক	৩৫	গ	৩৬	ক	৩৭	ক	৩৮	গ	৩৯	ক	৪০	ক

http://teachingbd.com